05

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

## সেপ্টেম্বর ২০২৩ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খন্দকার মুদাচ্ছির বিন আলী<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ১৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.। |
| সভার সময় | : | বেলা- ১২:২০ টা। |
| সভার স্থান | : | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), কুড়িগ্রাম এর কক্ষ, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

কুড়িগ্রাম জেলার ইনোভেশন টিমের সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। নিজ নিজ অধিক্ষেত্রে ইনোভেশন কার্যক্রমের বিষয়ে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অত:পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক জেলা ইনোভেশন টিম ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে। সভাপতি সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য ০৫ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। | উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য ০৫ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ২। | **স্মার্ট কুড়িগ্রাম-২০৪১:**<br>মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা বিষয়ে সভায় আলোচনা হয়। স্মার্ট কুড়িগ্রাম বিনির্মাণে এ জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তরকে সেবাপ্রদানে স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করার অনুরোধ জানানো হয়। | সকল দপ্তরের বিভিন্ন সভা সেমিনারে স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে আলোচনা করতে হবে এবং স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করতে হবে। | সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা প্রধান (সকল), কুড়িগ্রাম |
| ৩। | **মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ**<br>সভায় জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথভাবে পরিচালনাকরণ এবং ক্লাসের যন্ত্রপাতি সংরক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমৃদ্ধ প্রতিষ্ঠানের প্রধানগণকে নিজ উদ্যোগে শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসের যন্ত্রপাতি সচল রেখে ক্লাসসমূহ পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারদেরকে অনুরোধ করা হয়। | ১। মাল্টিমিডিয়া ক্লাসরুমসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২। শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে তার প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম।<br>৩। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br>৪। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪। | **মাসিক উন্নয়ন সমন্বয় সভা ও অন্যান্য সমন্বয় সভায় ইনোভেশন আলোচনা সংক্রান্তঃ**<br>সভায় কুড়িগ্রাম জেলার ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা, জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা, জেলা রাজস্ব সভা, জেলা পর্যায়ের অন্যান্য সভা ও মাসিক স্টাফ মিটিংয়ের আলোচ্যসূচীতে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভুক্তকরণ এবং Innovative উদ্ভাবক ও বাস্তবায়নকারীদের প্রণোদনা প্রদান ও উদ্যোগী কর্মকর্তা/কর্মচারীদেরকে বিভিন্ন পর্যায়ে পুরস্কার প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সভাসমূহের আলোচ্যসূচিতে 'উদ্ভাবন উদ্যোগ' অন্তর্ভুক্ত করতে হবে। | ১। অতিরিক্তি জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ৫। | **জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ**<br>কুড়িগ্রাম জেলার সকল দপ্তর/প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ ও হালনাগাদকরণের তথ্য এ কার্যালয়ে নিয়মিত প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | সকল দপ্তর/ প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে ও হালনাগাদকরণের তথ্য এ কার্যালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে। | ১। দপ্তর/ প্রতিষ্ঠান প্রধান (সকল), কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |
| ৬। | **বিবিধঃ**<br>১। কোন কর্মকর্তার বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন হলে তার তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন উদ্যোগটি সমাপ্তির ধারাবাহিক কার্যক্রম অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়।<br><br>২। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ডায়নামিক ওয়েব সাইড তৈরি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং তদারকি অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।<br><br>৩। জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত 'জেলা ব্র্যান্ডিং কর্ণার', সড়ক দুর্ঘটনা প্রতিরোধের স্বপ্ন নিয়ে জেলা প্রশাসন কুড়িগ্রামের 'জয়যাত্রা' এর মতো সৃজনশীল উদ্ভাবনী উদ্যোগগুলো যাতে দেশের অন্য জেলায় রেপ্লিকেট হতে পারে সে লক্ষ্যে উদ্যোগগুলো আরও গণমুখী ও জনবান্ধব করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য অনুরোধ করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডায়নামিক ওয়েব সাইট তৈরী নিশ্চিত করা এবং এর কার্যক্রম তদারকি করতে হবে।<br><br>২)বাস্তবায়িত/বাস্তবায়নাধীন সৃজনশীল উদ্যোগগুলো আরো গণমুখী ও জনবান্ধব করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ১) সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম।<br><br>২) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।<br><br>৩) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

পরিশেষে, এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের জন্য উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৩/২৬

খন্দকার মুদাচ্ছির বিন আলী
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম।
ই-মেইলঃ adcgkurigram@mopa.gov.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.২৯.০০৩.২৩.১২০

তারিখঃ ০৬ আশ্বিন, ১৪৩০
২১ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ........................................................ (সকল), কুড়িগ্রাম (তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।
৫। ............................................................
............................................................

রেদওয়ান ইসলাম
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ ০২৫৮৯৯-৫০০৪০
ই-মেইলঃ acictkurigram@mopa.gov.bd